গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম
সরকারী কার্যভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০

পত্র নং: ০৮.০১.২০০০.২০২.৫৪.০১.২০২১. ৮৪২৮

তারিখ: ০৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৪, (শুল্ক-মূসক) এর স্মারক নং ৮.০০.০০০০.০৩৮.১১.০০৬.২১.৫১ তারিখ: ০৯ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর নিম্নলিখিত শূন্য পদে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল ( জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | কম্পিউটার অপারেটর<br>১২,৫০০-৩২,২৪০/-<br>(গ্রেড-১১) | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | শুধু চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন |
| ২ | পরিসংখ্যান অনুসন্ধায়ক<br>১১,৩০০-২৭,৩০০/-<br>(গ্রেড -১২) | ০১(এক)টি | (ক) মাস্টার্স ডিগ্রী/ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত/পরিসংখ্যান/অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক( সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ৩ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড -১৩) | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলা-৫০ ও ইংরেজি-৮০ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | |
| ৪ | ড্রাফটসম্যান<br>১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড -১৪) | ০১(এক)টি | (ক) সরকার স্বীকৃত কোন ইনস্টিটিউট থেকে ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল ( জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ৫ | উচ্চমান সহকারী<br>১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড -১৪) | ১৩(তেরো) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | শুধু চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন |
| ৬ | ক্যাশিয়ার<br>১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড -১৪) | ০৬(ছয়)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) বিধি মোতাবেক প্রয়োজনীয় পরিমাণ নিরাপত্তা জামানত জমা দিতে হবে। | শুধু চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন |
| ৭ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড -১৪) | ০২(দুই) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক ( সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ ও ইংরেজি-৭০ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | |
| ৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড -১৬) | ০৫(পাঁচ)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলা-২০ ও ইংরেজি-২০ শব্দ। | |
| ৯ | গাড়িচালক<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড -১৬) | ১৩(তেরো) টি | (ক) ৮ম শ্রেণী পাশ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা। | |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল ( জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১০ | সিপাই<br>৯,০০০-২১,৮০০/-<br>(গ্রেড -১৭) | ৫৩(তেপ্পান্ন) টি | ক) স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা: পুরুষ ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০-৩২ ইঞ্চি (উভয় ক্ষেত্রে) | শুধু চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন |
| ১১ | ইলেকট্রিশিয়ান<br>৯,০০০-২১,৮০০/-<br>(গ্রেড -১৭) | ০১(এক)টি | স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড/ভোকেশনাল সার্টিফিকেট। | |
| ১২ | ডেসপাচ রাইডার<br>৮,৮০০-২১,৩১০/-<br>(গ্রেড -১৮) | ০১(এক)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ১৩ | ফটোকপি অপারেটর<br>৮,৮০০-২১,৩১০/-<br>(গ্রেড -১৮) | ০২(দুই) টি | ক) স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ফটোকপি মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ১৪ | অফিস সহায়ক<br>৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড -২০) | ১৩(তের) টি | ৮ম শ্রেণী পাশ | |
| ১৫ | নিরাপত্তা প্রহরী<br>৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড -২০) | ০৩(তিন) টি | ৮ম শ্রেণী পাশ | |
| ১৬ | পরিচ্ছন্নতা কর্মী<br>৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড -২০) | ০১(এক) টি | ৮ম শ্রেণী পাশ/পেশাদার পরিচ্ছন্নতা কর্মী | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

১. ক) ০১-১২-২০২২ খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯; তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. মোতাবেক চাকুরী প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

২. ইতোপূর্বে ২০১৭ সালে এ দপ্তর হতে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় আবেদিত প্রার্থীগণের নিয়োগ কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার লক্ষ্যে প্রার্থীদেরকে তাদের তথ্য সমূহ পুনরায় অনলাইনে প্রদান করতে হবে, এক্ষেত্রে তাদেরকে পরীক্ষার ফিস প্রদান করতে হবে না। উক্ত পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি এ দপ্তরের ওয়েবসাইট (www.chittagongvat.gov.bd) ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবদেন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

৪. আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রয়োজনে ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৫. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণরে সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। অনলাইনে (Online এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬. নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত সকল তথ্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামের ওয়েবসাইটে (www.chittagongvat.gov.bd) পাওয়া যাবে।

৭. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৮. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৯. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:</u>

ক) পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://ctgvat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফিস জমাদান শুরুর তারিখ ও সময়: ২২-১২-২০২২ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা
ii. Online- এ আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখ ও সময়: ১১-০১-২০২৩ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফিস জমা দিতে পারবেন।

খ. Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফিস প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre- Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফিস বাবদ ১-২ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৪/- টাকা, মোট ৩৩৪/- টাকা ও ৩-৯ নং ক্রমিকের পদের জন্য ২০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা, মোট ২২৩/- টাকা এবং ১০-১৬ নং ক্রমিকের পদের জন্য ১০০/- টাকা এবং

টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা, মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে," Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফিস জমা না দেয়া পর্যন্ত Online- এ আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : CTGVAT<space> User ID Send 16222 নম্বরে। Example: CTGVAT ABCDEF

Reply: Applicant's Name, Tk ---- will be Charge as application fee. Your PIN is 12345678. To pay fee Type CTGVAT<space> Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS :CTGVAT<space>Yes<<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CTGVAT YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for CTGVAT Application for post xxxxxx User ID is (ABCDEF) and Password(xxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ctgvat.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online- এ আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS –এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ,সময় ও স্থানের /কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:

CTGVAT<space> Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CTGVAT Help User ABCDE & SEND TO 16222

ii. PIN Number জানা থাকলে:

CTGVAT<space> Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: CTGVAT Help PIN & SEND TO 16222

ঝ. Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ctgvat.rec@gmail.com ই-মেইল এ যোগাযোগ করা যেতে পারে।

18.12.22

(মোহাম্মদ মাহমুদুল হাসান)
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম